

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১১৫

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২, প্রথম অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

بَابُ مَا يَحِلُّ أَكْلُهُ وَمَا يَحْرُمُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ﴿إِذَا وَقَعَ الذُّبَابُ فِي إِناءِ أَحدِكم فَلْيَغْمِسْهُ كُلَّهُ ثُمَّ لِيَطْرَحْهُ فَإِنَّ فِي أَحَدِ جَنَاحَيْهِ شِفَاءً وَفِي الْآخَرِ دَاءً» . رَوَاهُ الْبُخَارِيُّ الْبُخَارِيُّ

বাংলা

8১১৫-[১২] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কারো (খাদ্য গ্রহণের) পাত্রে মাছি পড়ে, তখন গোটা মাছিটিকে তাতে ডুবিয়ে দেবে। অতঃপর তাকে তুলে ফেলে দেবে। কেননা তার ডানদ্বয়ের এক ডানায় নিরাময় এবং অপর ডানায় রোগ থাকে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৭৮২, মুসনাদে আহমাদ ৭৩৫৯, নাসায়ী ৪২৬২, আবূ দাউদ ৩৮৪৪, ইবনু মাজাহ ৩৫০৫, ইরওয়া ১৭৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৮, সহীহ আল জামি' আস্ সগীর ৮৩৭, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৪৮০, মুসনাদে আবূ ইয়া'লা ৯৮৬, সহীহ ইবনু খুযায়মাহ্ ১০৫, সহীহ ইবনু হিবান ৫২৫০, দারিমী ২০৩৯, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৫৯৯, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১২৩৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আলোচ্য হাদীসটি এ মর্মে দলীল : ক্ষতি থেকে বেঁচে থাকার জন্য মাছি মারা বৈধ। আর তা ফেলে দিতে হবে খাওয়া যাবে না। আর মাছি পানিতে পরে মারা গেলেও পানি নাপাক হয় না। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা পানিতে ডুবে ধরার নির্দেশ দিয়েছেন। আর এ কথা সকলেই জানা যে, মাছি পানিতে ডুবালে মারা যাবে। বিশেষ করে খাদ্য যদি গরম হয়। যদি মাছি পড়ার কারণে পানীয় খাদ্য নাপাকই হত তাহলে খাদ্য ফেলে দেয়ার নির্দেশ দিতেন। আর এটাই হত সংশোধনের নির্দেশ। আর এ হুকুমটা মাছি জাতীয় সকল প্রাণীর জন্য



প্রযোজ্য। যেমন মৌমাছি, মাকড়সা ইত্যাদি। ('আওনুল মা'বূদ ৫ম খন্ড, হাঃ ৩৮৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন